# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**18 JANUARY 2025** **7:45—7:55 PM IST**

=================================================

(১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আজ ভিডিও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে ত্রিপুরা সহ দেশের দশটি রাজ্য এবং দুটি কেন্দ্রশাসিত অঞ্চলে 'স্বামীত্ব' প্রকল্পের আওতায় ৬৫ লক্ষেরও বেশি সম্পত্তি কার্ড বিতরণ/

(২) আগামীকাল প্রাদেশীকৃত মাধ্যমিক বিদ্যালয়ের স্নাতক ও স্নাতকোত্তর শিক্ষক পদের নিযুক্তি পরীক্ষা/ কাছাড় জেলার পাঁচটি কেন্দ্রে আয়োজিত এই পরীক্ষার জন্য যাবতীয় ব্যবস্থা গ্রহণ/

(৩) ডিমা-হাসাও জেলার উম্রাংশু পুলিশ থানার অর্ন্তগত ১৯ কিলোমিটার এলাকার কাছে একটি স্কুলবাসের শোকাবহ দুর্ঘটনা/একজন ছাত্রী নিহত এবং ছ'জন ছাত্র-ছাত্রী গুরুতর আহত/

এবং

(৪) আকাশবাণীর মন কী বাত অনুষ্ঠানের মাধ্যমে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আগামীকাল দেশ-বিদেশের জনসাধারণের কাছে নিজের মনের ভাব প্রকাশ/

---------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ভিডিও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে ৬৫ লক্ষের ও বেশী সম্পত্তি কার্ড বিতরণ করেন । ত্রিপুরা সহ দেশের ১০ টি রাজ্য ও দুটি কেন্দ্র

শাসিত অঞ্চলের ৫০ হাজারের ও বেশী গ্রামের সম্পত্তির স্বত্বাধিকারীদের 'স্বামিত্ব' প্রকল্পের অধীনে এই কার্ডগুলি বিতরণ করা হয় ।প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জরীপের জন্য অত্যাধুনিক ড্রোণ প্রযুক্তির মাধ্যমে পরিবারগুলিকে অধিকারের নথি অর্থাৎ রেকর্ড অফ রাইটস প্রদান করে গ্রামাঞ্চলের আর্থিক বিকাশ ত্বরান্বিত করার উদ্দেশ্যে এই প্রকল্পটি আরম্ভ করেছেন ।প্রকল্পটি সম্পত্তির মুদ্রাকরণে সুবিধা প্রদান করা সহ ব্যাংক থেকে ঋণ পেতে সহায়তা করবে ।

এ পর্যন্ত ১৩ লক্ষ ১৭ হাজারেরও বেশী গ্রামের  ড্রোণ জরীপ সম্পূর্ন হয়েছে ।ও এই সংখ্যা নির্ধারিত লক্ষের প্রায় ৯২ শতাংশ । এই প্রকল্পটির অধীনে এপর্যন্ত ১ লক্ষ ৫৩ হাজারের ও বেশী গ্রামের জন্য প্রায় ২ কোটি ২৫ লক্ষ সম্পত্তি কার্ড প্রস্তুত করে তোলা হয়েছে । ত্রিপুরা , পদুচেরী , আন্দামান নিকোবর দীপপুঞ্জ , গোয়া , উত্তরাখন্ড ও হরিয়ানায় এই প্রকল্পের কাজ সম্পূর্ন হয়েছে ।

---------------------------------------------------------------------------------

আসামের প্রাদেশীকৃত মাধ্যমিক বিদ্যালয়গুলির স্নাতক ও স্নাতকোত্তর স্তরের শিক্ষক পদের নিযুক্তি পরীক্ষা আগামীকাল অনুষ্ঠিত হবে । রাজ্যের শিক্ষা বিভাগের পক্ষ থেকে আয়োজিত এই পরীক্ষা আগামীকাল দুটি পর্যায়ে অনুষ্ঠিত হবে । এই পরীক্ষায় স্নাতক পর্যায়ে ৩৯ হাজার ২২৪ জন প্রার্থী এবং স্নাতকোত্তর পর্যায়ে ৩০ হাজার ৩৫৮ জন প্রার্থী অবতীর্ণ হবে । এই পরীক্ষার সময়ে শান্তি শৃঙ্খলা অক্ষুণ্ন রাখার জন্য বিভিন্ন জেলায় কিছু নির্দেশনা জারি করা হয়েছে । এই নির্দেশনা অনুসারে পরীক্ষা কেন্দ্রের একশো মিটার ব্যাসার্ধের মধ্যে প্রার্থী এবং পরীক্ষার সঙ্গে জড়িত কর্তৃপক্ষ ছাড়া অন্য কোনো ব্যক্তির উপস্থিতি নিষিদ্ধ করা হয়েছে । এছাড়া পরীক্ষা কেন্দ্রের চারদিকে যানবাহন রাখার ব্যবস্থাও কিছুটা সীমিত করে দেওয়া হয়েছে । পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন, ক্যালকুলেটর, স্মার্ট হাতঘড়ি, ব্লুটুথ ইত্যাদি ইলেক্ট্রনিক সামগ্রী আনার ক্ষেত্রে নিষেধাজ্ঞা জারি করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

এদিকে রাজ্যের প্রাদেশীকৃত মাধ্যমিক বিদ্যালয়গুলির স্নাতক ও স্নাতকোত্তর স্তরের শিক্ষক পদের জন্য আগামীকাল অনুষ্ঠেয় নিযুক্তি পরীক্ষা কাছাড় জেলার পাঁচটি শিক্ষাকেন্দ্রে অনুষ্ঠিত হবে। আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদ আয়োজিত এই পরীক্ষায় বিপুল সংখ্যক পরীক্ষার্থী এবং তাদের অভিভাবকদের জমায়েত এবং এই পরিস্থিতিতে সমাজ বিরোধীদের পরীক্ষায় ব্যাঘাত সৃষ্টির সম্ভাবনা রোধ করতে ও পরীক্ষা চলাকালীন শান্তি শৃঙ্খলা বজায় রাখতে ১৬৩ ধারার অধীনে কয়েকটি আদেশ জারি করা হয়েছে । এই আদেশে পরীক্ষা কেন্দ্রের একশো মিটার ব্যাসার্ধের মধ্যে প্রার্থী এবং পরীক্ষার সঙ্গে

জড়িত কর্তৃপক্ষ ছাড়া অন্য কোনো ব্যক্তির উপস্থিতি নিষিদ্ধ করা হয়েছে । এছাড়া পরীক্ষা কেন্দ্রের চারদিকে যানবাহন রাখার ব্যবস্থাও কিছুটা সীমিত করে দেওয়া হয়েছে । পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন, ক্যালকুলেটর, স্মার্ট হাতঘড়ি, ব্লুটুথ ইত্যাদি ইলেক্ট্রনিক সামগ্রী আনার ক্ষেত্রে নিষেধাজ্ঞা জারি করা হয়েছে । এছাড়া পরীক্ষা কেন্দ্রের একশো মিটার ব্যাসার্ধের মধ্যে কোনোধরণের খাবারের দোকান, বাজার সহ অন্যান্য দোকান খোলার অনুমতি দাওয়া হবে না । পরীক্ষা কেন্দ্রের প্রবেশ দ্বারের সামনে এই আদেশের কপি টাঙিয়ে রাখতে হবে । আগামীকাল সকাল ছ'টা থেকে পরীক্ষা প্রক্রিয়া শেষ না হওয়া পর্যন্ত এই আদেশ বলবৎ থাকবে বলে জানানো হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

ডিমা-হাসাও জেলার উম্রাংশু পুলিশ থানার অর্ন্তগত এবং এই স্থান থেকে ১৯ কিলোমিটার এলাকার মধ্যে একটি জায়গায় আজ সকালে একটি স্কুলবাস দুর্ঘটনায় একজন ছাত্রী নিহত এবং ছ'জন ছাত্র-ছাত্রী গুরুতরভাবে আহত হয়েছে । জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের ক্ষেত্র আধিকারিক এক সরকারি বিবৃতিতে আরো জানিয়েছেন যে- আহত ছাত্র ছাত্রীদের জরুরিকালীন চিকিৎসার জন্য হোজাই-হাম হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে । নিহত ছাত্রীটি দশ বছরের দালিমার রংহাংপি বলে সনাক্ত করা হয়েছে । এদিকে আহত ছাত্র ছাত্রীরা হচ্ছে- আর্কলিংসন হান্সে, ফেলিহা সিংথংপি, সরমুকরং টেরং, দিব্যা রংহাংপি, রূপলিন ইংটিংপি এবং মালিন টেরনপি । বিবৃতিতে আরো জানানো হয়েছে যে- সামান্য আহত অন্য ১৬ জন ছাত্র ছাত্রীর জন্য একটি জরুরিকালীন চিকিৎসা পরিষেবা দল প্রাথমিক চিকিৎসার ব্যবস্থা করে । দুর্ঘটনার কারণ এখনও জানা না গেলেও এই ব্যাপারে তদন্ত অব্যাহত রয়েছে বলে ডিমা-হাসাও জেলা প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে । এই ঘটনায় সমগ্র অঞ্চলে শোকের ছায়া নেমে এসেছে । এদিকে আমাদের হাফলঙ সংবাদদাতা জানিয়েছেন যে- ঐ স্কুলবাসটি ছাত্রছাত্রীদের নিয়ে হাফলঙের সেক্রেড হার্ট স্কুলের দিকে যাওয়ার পথে দুর্ঘটনাটি সংঘটিত হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

সংসদের বাজেট অধিবেশন আগামী ৩১ শে জানুয়ারী থেকে আরম্ভ হবে । বাজেট অধিবেশনের প্রথম দিন রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মূর্মূ লোকসভা ও রাজ্যসভার যৌথ অধিবেশনে ভাষন দেবেন । কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ আগামী পয়লা ফেব্রুয়ারী ২০২৫-২৬ অর্থবছরের কেন্দ্রীয় বাজেট পেশ করবেন । বাজেট অধিবেশনের প্রথম পর্ব আগামী ৩১ শে জানুয়ারী থেকে শুরু হবে ,চলবে ১৩ ই ফেব্রুয়ারী পর্যন্ত ।

অধিবেশনের দ্বিতীয় পর্ব ১০ ই মার্চ থেকে শুরু হবে , চলবে চৌঠা এপ্রিল পর্যন্ত ।এই বাজেট অধিবেশনে ২৭ টি বৈঠক অনুষ্ঠিত হবে ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীর মন-কি-বাত অনুষ্ঠানের মাধ্যমে দেশ-বিদেশের জনসাধারণের কাছে নিজের মনের ভাব ব্যাক্ত করবেন । এটি হবে এই অনুষ্ঠানের ১শো ১৮তম পর্ব । আকাশবাণী এবং দূরদর্শনের সব নেটওয়ার্ক ছাড়াও air news ওয়েবসাইট এবং newsonair মোবাইল অ্যাপের মাধ্যমে এই অনুষ্ঠান শোন যাবে । প্রধানমন্ত্রীর কার্যালয় , তথ্য ও সম্প্রচার মন্ত্রনালয় , আকাশবাণী ও দূরদর্শনের ইউটিউব চ্যানেলের মাধ্যমেও এই অনুষ্ঠান প্রচার করা হবে । আকাশবাণীতে এই অনুষ্ঠান প্রচার হওয়ার অব্যবহিত পরই এর আঞ্চলিক ভাষার অনুবাদ প্রচারিত হবে ।

---

গৌহাটীতে আগামী ২৫ ও ২৬ শে ফেব্রুয়ারী অনুষ্ঠেয় এডভান্টেজ আসামের দ্বিতীয় সংস্করণের প্রস্তুতি সম্পর্কে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার পৌরহিত্যে গতকাল গুয়াহাটির লোকসেবা ভবনে এক বৈঠক অনুষ্ঠিত হয় । দেশ বিদেশের কিছু সংখ্যক শিল্পপতির অংশ গ্রহণের পরিপ্রেক্ষিতে এই বিনিয়োগ ও পরিকাঠামো সম্মেলনের জন্য বাজেট সহ এর প্রচার ও প্রসার , মহানগরীর সৌন্দর্যবর্ধন ,আলোকসজ্জা , রাস্তাঘাটের উন্নয়ন ও অন্যান্য বেশ কিছু ক্ষেত্রে রাজ্য সরকারের গ্রহণ করা পদক্ষেপগুলির অগ্রগতি সম্পর্কে মুখ্যমন্ত্রী সংশ্লিষ্ট আধিকারিকদের কাছ থেকে খতিয়ান গ্রহণ করেন ।

এডভান্টেজ আসামের দ্বিতীয় সংস্করণের অংশ হিসেবে বিকশিত আসাম , বিকশিত ভারত শীর্ষক একটি বিশেষ প্রদর্শনীরও আয়োজন করা হয়েছে । রাজ্যের রাজস্ব ও দূযোগ ব্যবস্থাপনা মন্ত্রী কেশব মহন্তের পৌরহিত্যে গতকাল জনতা ভবনে এই প্রদর্শনীর উপ - সমিতির এক বৈঠক অনুষ্ঠিত হয় ।রাজস্ব ও দূযোগ ব্যবস্থাপনা বিভাগের প্রধান সচিব সহ বিভিন্ন বিভাগের শীর্ষ আধিকারিকদের অংশ গ্রহণ করা এই বৈঠকে প্রদর্শনীর প্রস্তুতি পর্বের সংগে জড়িত বিভিন্ন বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করা হয় ।

---

রাজ্য সরকার ঝুমুর নৃত্যকে বিশ্ব দরবারে বিশেষ পরিচয় প্রদান করার উদ্দেশ্যে আগামী ২৪ শে ফেব্রুয়ারী গৌহাটীর সরুসাজাই ষ্টেডিয়ামে ঝুমুর বিনন্দিনী শীর্ষক এক অনুষ্ঠানের আয়োজন করেছে ।অনুষ্ঠানে অংশ গ্রহণ করতে ইচ্ছুক কামরুপ জেলার কমলপুর ও পলাশবারী বিধানসভা আসনের অর্ন্তগত ঝুমুর শিল্পীদের জন্য আগামী ২০

শে জানুয়ারী থেকে ২৩ শে জানুয়ারী পর্যন্ত আসন দুটির অধীনে নৃত্য কর্মশালার আয়োজন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায় কেন্দ্রীয় সরকারের ভারতমালা প্রকল্পের অধীনে আধুনিক সড়ক ও সেতু নির্মানের কাজ দ্রুতগতিতে অব্যাহত রয়েছে । এই প্রকল্পের অধীনে হাইলাকান্দি জেলার পলারপার অংশে বরাকনদীর উপর ১ দশমিক ৮ কিলোমিটার দীর্ঘ সেতু নির্মান করা হবে । এই সেতু হাইলাকান্দি জেলাকে কাছাড় জেলার কাটিগড়ার সঙ্গে যুক্ত করবে । আজ হাইলাকান্দি জেলার অতিরিক্ত আয়ুক্ত ত্রিদিব রায় ভারতমালা প্রকল্পের সড়ক ও সেতু নির্মানের কাজের অগ্রগতি পরিদর্শন করে বলেন যে এই প্রকল্পের অধীনে সড়ক ও সেতু নির্মানের জন্য প্রায় সাড়ে ৮ হেক্টর জমি অধিগ্রহণ করা হয়েছে । উল্লেখ্য যে আগামী ২০২৬ সালের ডিসেম্বর মাসের মধ্যে ভারতমালা প্রকল্পের অধীন বরাক উপত্যকায় নির্মীয়মান সব কাজ সম্পূর্ণ করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

শ্রীভূমি পুলিশ পুনরায় নেশাজাতীয় দ্রব্য বিরোধী অভিযানে সফলতা লাভ করেছে । আজ পুলিশের একটি দল গোপন সূত্রের ভিত্তিতে আসাম-ত্রিপুরা সীমান্তের চুরাইবারী চেক পোষ্টে অভিযান চালিয়ে একটি ট্রাক থেকে প্রচুর পরিমানের নেশা জাতীয় কাশির সিরাপ বাজেয়াপ্ত করেছে । এই ঘটনার সঙ্গে যুক্ত থাকার অভিযোগে পুলিশ পশ্চিমবঙ্গের এক বাসিন্দা রবিউল শেখ নামের এক যুবককে গ্রেপ্তার করেছে ।

---------------------------------------------------------------------------------------------

লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের উদ্যোগে আগামী ফেব্রুয়ারী মাসের প্রথম দিকে শিলচরে ২১ তম গণ বিবাহের আয়োজন করা হয়েছে । ক্লাবের পক্ষ থেকে জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে যেকোন সম্প্রদায়ের আর্থিকভাবে দুর্বল পাত্র-পাত্রীর অভিবাবককে এই সুযোগ গ্রহন করার আহ্বান জানানো হয়েছে । বিষদ বিবরণ লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের কার্য্যলয়ে পাওয়া যাবে ।

---------------------------------------------------------------------------------------------